গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ঝিকরগাছা উপজেলা, যশোর।
dphe.jhikorgacha@gmail.com

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

এতদ্বারা " জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ " বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সকল সদস্যকে জানানো যাচ্ছে যে, আগামী ২১/০৭/২০২১ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোরের সভাপতিত্বে তার অফিসকক্ষে " জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ " বিষয়ক স্থায়ী কমিটির এক সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় যথা সময়ে উপস্থিত হওয়ার জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ
০১। "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর নলকূপ স্থাপনের অগ্রগতি সংক্রান্ত বিষয়।
০২। নলকূপ এর পানির আর্সেনিক পরীক্ষা সংক্রান্ত বিষয়।
০৩। বিবিধ।

15.07.21
অন্তরা সরকার
উপ-সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ও
সদস্য সচিব
" জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ "
বিষয়ক স্থায়ী কমিটি ঝিকরগাছা উপজেলা, যশোর।

স্মারক নংঃ ৪৬.০৩.৪১২৩.৩০১.০৬.০১০.১৮- ০৪/০৬

তারিখঃ ১৫/০৭/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/ অবগতির জন্য প্রেরণ করা হলোঃ
০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।
০২। উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর।
০৩। ভাইস চেয়ারম্যান ও সভাপতি " জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ " বিষয়ক স্থায়ী কমিটি, ঝিকরগাছা, যশোর।
০৪। স্যানিটারি ইন্সপেক্টর, ঝিকরগাছা পৌরসভা, যশোর।
০৫। চেয়ারম্যান, গঙ্গানন্দপুর/ শংকরপুর ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর।
০৬। অফিস কপি।

15.07.21
অন্তরা সরকার
উপ-সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ঝিকরগাছা উপজেলা, যশোর।

**উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি সভার কার্যবিবরণী ঃ**

**ঝিকরগাছা, যশোর।**

| | |
|---|---|
| সভাপতি | ঃ মোঃ সেলিম রেজা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর। |
| তারিখ | ঃ ২১/০৭/২০২১। |
| স্থান | ঃ উপজেলা উপ- সহকারী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল, ঝিকরগাছা, যশোর । |
| সময় | ঃ সকাল- ১১.০০ ঘটিকা। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানান এবং সভাপতি সভা পরিচালনার জন্য উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য) ঝিকরগাছা, যশোরকে অনুরোধ করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ও উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ স্থায়ী কমিটির সদস্য সচিব আলোচ্য সূচী অনুসারে গৃহীত বিষয়সমূহ আলোচনা করেন এবং সে অনুযায়ী সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত সমূহ নিম্নরূপ ঃ

| ক্রম | আলোচনা বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | ঝিকরগাছা উপজেলায় বিভিন্ন শ্রেণির নলকুপ স্থাপন সংক্রান্ত আলোচনা ঃ উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ঝিকরগাছা, যশোর জানান যে, ঝিকরগাছা উপজেলা বিভিন্ন ইউনিয়নে সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় গভীর নলকুপ স্থাপনের জন্য নির্দেশনা পাওয়া গেছে। এই প্রকল্পের থেকে ইউনিয়ন প্রতি ২৬টি করে নলকূপ বরাদ্দ পাওয়া গিয়েছে। বিভিন্ন শ্রেণির নলকুপ স্থাপনের জন্য তালিকা পাওয়া প্রয়োজন। ১১টি ইউনিয়ন পরিষদ থেকে যত দ্রুত তালিকা পাওয়া যাবে তত দ্রুত কাজ শুরু করা সম্ভব হবে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে এটাস্টাসটেড ওয়াশ ব্লক নির্মন করা হয়েছে এবং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর থেকে সার্বক্ষনিক তদারকি হচ্ছে বলে জানান ও বিস্তারিত আলোচনা করেন। | বিস্তারিত আলোচনান্তে যত দ্রুত সম্ভব তালিকা প্রদানের জন্য ও নির্ধারিত সময়ের মধ্যে নলকুপ স্থাপনের কাজ বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এবং বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে এটাস্টাসটেড ওয়াশ ব্লক নির্মনের কাজ সুষ্টভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত নেওয়া হয়। | বিভিন্ন ইউনিয়ন চেয়ারম্যান ও উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ও সংশ্লিষ্ট সকল, ঝিকরগাছা, যশোর। |
| ০২ | বিবিধ ঃ বিশুদ্ধ পানি ব্যবহার সংক্রান্ত আলোচনা ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, ঝিকরগাছা উপজেলার বিভিন্ন এলাকায় এখনও পর্যন্ত আসেনিক যুক্ত পানি পান করে থাকেন, এসব এলাকায় আসেনিক যুক্ত পানি পান না করার বিষয়ে জন সচেতনতামূলক প্রশিক্ষন প্রদান করা প্রয়োজন। এবিষয়ে ৫নং ইউপি চেয়ারম্যান বলেন, আমার ইউনিয়নে আসেনিক যুক্ত অগভীর নলকুপের সংখ্যা অধিক আছে। এখানে কিছু গভীর নলকুপ স্থাপনের মাধ্যমে বিশুদ্ধ পানি সরবরাহ করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে বিশুদ্ধ পানি ব্যবহারের বিষয়ে জন সচেতনতামূলক প্রশিক্ষনের বিষয়ে উপজেলা পরিষদের মাসিক সভায় বিষয়টি আলোচনা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ও সংশ্লিষ্ট সকল, ঝিকরগাছা, যশোর। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদেরকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ সেলিম রেজা)
উপজেলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি
ঝিকরগাছা, যশোর

স্মারক নং-৪৬.০৩.৪১২৩.৩০১.০৬.০১০.১৮-৮/৫

তারিখ ঃ ২১/০৭/২০২১খ্রি.

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ**

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।
২। উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর।
৩। উপজেলা স্যানিটারী ইন্সপেক্টর, ঝিকরগাছা, যশোর।
৪। চেয়ারম্যান, .................................. ইউপি, ঝিকরগাছা, যশোর।
৫। অফিস কপি।

21.07.21

অন্তরা সরকার
উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
ও
সদস্য সচিব
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি
ঝিকরগাছা, যশোর।

# উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।

## উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশান ও বিশুদ্ধ পানি বিষয়ক স্থায়ী কমিটির সভা

## উপস্থিতির তালিকা

তারিখঃ ২১/০৭/২০২১ ইং

| ক্রম | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মোঃ সেলিম রেজা | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর | |
| ২ | মোঃ বদরউদ্দীন | চেয়ারম্যান, ১ নং গঙ্গানন্দপুর ইউনিয়ন পরিষদ | |
| ৩ | মোঃ নিছারউদ্দীন | চেয়ারম্যান, ১০ নং শংকরপুর ইউনিয়ন পরিষদ | |
| ৪ | গনপতি বিশ্বাস | স্যানিটারী ইন্সপেক্টর, ঝিকরগাছা, যশোর | |
| ৫ | অন্তরা সরকার | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ও সদস্য সচিব উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশান ও বিশুদ্ধ পানি বিষয়ক স্থায়ী কমিটি | 21.07.21 |